

বাকুবিতে ভর্তি পরীক্ষার নতুন নিয়ম

মাদ্রাসা শিক্ষার্থীরা আবেদন করতে পারবে না

■ বাকুবির সংবাদদাতা

মাধ্যমিক পরীক্ষায় কৃষি বিজ্ঞান কিংবা কম্পিউটার বিজ্ঞান, চতুর্থ বিষয় হিসাবে পড়ায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকুবি) ২০১২-১৩ শিক্ষাবর্ষের অনার্স ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনেক শিক্ষার্থী আবেদন করতে পারবে না। এমনকি কোন শিক্ষার্থী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে জিপিএ-৫ পেয়েও বাকুবিতে ভর্তির আবেদন করতে পারবে না। অন্যদিকে মাদ্রাসা থেকে দাখিল পাস করা শিক্ষার্থীরাও এবার আবেদন করতে পারবে না। কারণ দাখিলের শিক্ষার্থীদের একইসাথে উচ্চতর গণিত ও জীববিজ্ঞান পড়ার সুযোগ নেই। এ বছরের বাকুবির ভর্তি বিজ্ঞপ্তিতে মাধ্যমিকে উচ্চতর গণিত ও জীববিজ্ঞান উভয় বিষয়টি থাকার কথা বলা হয়েছে।

গত ২ সেপ্টেম্বর থেকে বাকুবির অনার্স ভর্তি পরীক্ষার আবেদন ফরম বিতরণ শুরু হয়েছে এবং তা চলবে আগামী ১ অক্টোবর পর্যন্ত। আবেদনের যোগ্যতায় বলা হয়েছে, মাধ্যমিক বা সমমান এবং উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় পদার্থ, রসায়ন, গণিত (মাধ্যমিকের ক্ষেত্রে অবশ্যই উচ্চতর গণিত) এবং জীববিজ্ঞান/আলোচনা বিষয় হিসাবে

থাকতে হবে। দেশের অন্যান্য কৃষি ও সাধারণ বিশ্ববিদ্যালয়গুলোতে এরকম কোন শর্তসরণ করা হয়নি। ভর্তি অর্ন্তে অনেকেই ক্ষোভ প্রকাশ করে বলেন, প্রশাসনের এ ধরনের সিদ্ধান্তে আমরা হতবাক। এ ধরনের পর্ত অবিলম্বে প্রত্যাহারের দাবি জানান তারা।

বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের মধ্যে কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদে অধ্যয়ন করতে উচ্চতর গণিতের প্রয়োজন রয়েছে। ফলে ভর্তি পরীক্ষার যোগ্যতা হিসাবে উচ্চতর গণিত বাধ্যতামূলক করা হয়েছে। কিন্তু দেখা গেছে, বিশ্ববিদ্যালয়ের বাকি ৪টি অনুষদ জীববিজ্ঞান ভিত্তিক ও ১টি কলাভিত্তিক। ফলে একটি অনুষদের ভর্তির ক্ষেত্রে উচ্চতর গণিত বাধ্যতামূলক করা কতটা বুদ্ধিশূন্য তা নিয়ে বিভিন্ন মহলে প্রশ্ন দেখা দিয়েছে।

এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা কমিটির আহ্বায়ক ও কৃষি প্রকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আবুল বায়েজ বলেন, বিষয়টি আসলেই অসামঞ্জস্যপূর্ণ। মাধ্যমিকে কৃষি পড়ুয়া কিংবা মাদ্রাসা থেকে পাসকৃত শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের জন্য আলোচনা চলছে।